**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 16.03.24** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) ১৯ শে এপ্রিল থেকে পয়লা জুন পর্যন্ত সাত দফায় লোকসভা ভোটের নির্ঘন্ট ঘোষণা করেছে নির্বাচন কমিশন। ভোট গণনা চৌঠা জুন।

পশ্চিমবঙ্গে ভোট হবে সাত দফায়।

২) নির্বাচনে পেশী ও অর্থ শক্তির প্রয়োগ, ভুল তথ্য প্রচার এবং আদর্শ আচরণ বিধি লঙ্ঘন রুখতে বিভিন্ন পদক্ষেপের কথা জানিয়েছেন মুখ্য নির্বাচন কমিশনার।

তৃণমূল কংগ্রেস বলেছে, রাজ্যে সাত দফায় নির্বাচনের প্রয়োজন ছিলনা। তবে বিজেপি এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

৩) আর্থিক অনিয়মের তদন্তে ইডি আগামী ২১ শে মার্চ শাহাজাহনের দুই ভাই আলমগীর ও সিরাজুদ্দিনকে তলব করেছে।

---

নির্বাচন কমিশন, লোকসভা ভোটের দিনক্ষণ ঘোষণা করেছে। ১৯ শে এপ্রিল থেকে পয়লা জুন পর্যন্ত ভোট হবে সাত দফায়। চৌঠা জুন ভোট গণনা। এই নির্ঘন্ট ঘোষণার সঙ্গে সঙ্গেই আদর্শ আচরণ বিধি বলবত্ হয়েছে। একইসঙ্গে হবে অন্ধ্রপ্রদেশ,

অরুণাচল প্রদেশ, সিকিম ও ওড়িশা বিধানসভার নির্বাচন। পাশাপাশি ২৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনেও ভোট নেওয়া হবে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের বরানগর ও ভগবানগোলা বিধানসভা কেন্দ্র। তাপস রায়ের ইস্তফায় বরানগর এবং ইদ্রিস আলির মৃত্যুতে ভগবানগোলা আসনটি শূন্য হয়।

পশ্চিমবঙ্গের ৪২ টি আসনে ভোট নেওয়া হবে সাত দফায়। **প্রথম দফায় ১৯ শে** এপ্রিল কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি, **দ্বিতীয় দফায়** ২৬ শে এপ্রিল দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট, **তৃতীয় দফায় ৭** ই মে মালদা উত্তর, দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদ এবং **চতুর্থ দফায় ১৩** ই মে বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান-দুর্গাপুর, আসানসোল, বোলপুর ও বীরভূম লোকসভা কেন্দ্রে হবে ভোট গ্রহণ। **পঞ্চম দফায় ২০**শে মে বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেরিয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ, **২৫** শে মে **ষষ্ঠ দফায়** তমলুক, কাঁথি, ঘাটাল, ঝাড়গ্রাম, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ও বিষ্ণুপুর এবং পয়লা জুন **সপ্তম তথা শেষ দফায়** দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, যাদবপুর, কলকাতা উত্তর ও দক্ষিণ লোকসভা কেন্দ্রে ভোট নেওয়া হবে।

দুই নতুন নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও সুখবীর সিং সান্ধুকে পাশে নিয়ে অষ্টাদশ লোকসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেন মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার। তিনি জানান, মোট ভোটারের সংখ্যা প্রায় ৯৭ কোটি। এর মধ্যে নতুন ভোটার এক কোটি ৮২ লক্ষ। নির্বাচনে পেশী ও অর্থ শক্তির প্রয়োগ, ভুল তথ্য প্রচার এবং আদর্শ আচরণ বিধি লঙ্গন রুখতে কমিশন গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথাও জানান রাজীব কুমার।

বাইট

কোনোভাবেই অস্থায়ী কর্মীদের ভোটের কাজে ব্যবহার করা যাবে না বলেও জানান তিনি। রাজীব কুমার বলেন, অবাধ ও শান্তিপূর্ণ ভোটের জন্য ২ হাজার ১০০ পর্যবেক্ষক নিয়োগ করা হচ্ছে।

বাইট

ভোটের প্রচারের সময়ে সংযত থাকার এবং শালীনতা বজায় রাখার জন্য মুখ্য নির্বাচন কমিশনার সমস্ত রাজনৈতিক দল ও প্রার্থীদের প্রতি আবেদন জানান।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফাতব জানিয়েছেন, প্রথম দফার জন্য বিশে মার্চ এবং সপ্তম দফায় ৭ই মে নির্বাচনী বিজ্ঞপ্তি জারি করা হবে।

--------------------

রাজ্যে প্রথম দফার ভোটে আড়াইশো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। প্রতিটি জেলায় কন্ট্রোল রুমে থাকবেন উচ্চ পদস্থ আধিকারিকরা। আগামী সোমবার সব জেলার নির্বাচনী আধিকারিক ও রিটার্নিং অফিসারদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠক করবেন মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। আজ সাংবাদিকদের তিনি জানান, সাত দফার ভোটে কোনোরকম অশান্তির ঘটনা বরদাস্ত করা হবে না।

এদিকে, ভোটের নির্ঘন্ট ঘোষণা হতেই জেলায় জেলায় সরকারি অফিস ও ভবন থেকে রাজনৈতিক দলের পোস্টার, ব্যানার, ফেস্টুন, সরকারি প্রকল্পের হোর্ডিং সরানোর কাজ শুরু হয়েছে। নদীয়ায় কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে রাজ্য পুলিশ বিভিন্ন জায়গায় রুটমার্চ করছে।

--------------------

তৃণমূল কংগ্রেস বলেছে, বাংলায় সাত দফায় নির্বাচনের কোনো প্রয়োজন ছিলনা। দলের মুখপাত্র, মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, নির্বাচন কমিশনের কাছে এক দফায় ভোট করানোর দাবি জানিয়েছিল তৃণমূল কংগ্রেস। তার পেছনে সঙ্গত কারণও ছিল। কিন্তু ভোটের দিনক্ষণ স্থির করেছে কমিশন। দল চায় নির্বান অবাধ ও সুষ্ঠু হোক।

বাইট

অন্যদিকে বিজেপি সাত দফায় নির্বাচনকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, এর ফলে পর্যাপ্ত সংখ্যায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। পেশি শক্তির প্রয়োগ ঠেকাতে কমিশনের পদক্ষেপের আশ্বাসেও সন্তোষ প্রকাশ করেছেন তিনি।

দলের রাজ্যসভার সাংসদ তথা মুখপাত্র শমীক ভট্টাচার্যও বলেছেন, এরাজ্যের নির্বাচনী হিংসার ইতিহাসের প্রেক্ষিতে সাত দফায় নির্বাচনের সিদ্ধান্ত যথাযথ।

বাইট

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীও বলেছেন, ভোটে হিংসা রুখতে কমিশন কার্যকরী ভূমিকা নেবে বলে তিনি আশা করেন।

বাইট

সিপিআইএম রাজ্য সম্পাদক সেলিমের মতে শুধু দফা বাড়ালেই হবে না, গুন্ডারাজ দমন করতে হবে। ইভিএম-এর সুরক্ষা নিয়েও আশঙ্কা প্রকাশ করেছেন তিনি।

বাইট

--------------------

ভোটের সময় হিংসা রুখতে রাজ্যপাল গোটা রাজভবনকেই নামিয়ে আনবেন বাংলার পথে। বাংলার ভোটে পাহারা দেবে ‘ভ্রাম্যমান রাজভবন’। এবারের নির্বাচনে যে কোনও মূল্যে তিনি হিংসা ও দুর্নীতি রুখবেন বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস স্পষ্ট জানিয়েছেন।

আজ হাওড়ার একটি বেসরকারি স্কুল পরিদর্শনের পর বেরিয়ে সাংবাদিকদের তিনি বলেন, ভোটের প্রথম দিন থেকেই তিনি রাস্তায় থাকবেন। ভ্রাম্যমান রাজভবন পৌঁছে যাবে মানুষের কাছে। যাতে ভোটদাতারা নিজেদের অভাব অভিযোগ জানাতে পারেন।

রাজ্যপাল আজ সকালে আচমকাই স্পীড বোটে গঙ্গা পেরিয়ে টোটো রিক্সায় হাওড়ার শ্রী জৈন বিদ্যালয় ফর গার্লস পরিদর্শনে যান। কথা বলেন পড়ুয়াদের সঙ্গে। অধ্যক্ষা মৌসুমী ঘোষাল জানিয়েছেন, রাজ্যপালের আসার কোনো আগাম খবর তাদের কাছে ছিল না। ঘন্টাখানেক তিনি ঐ স্কুলে ছিলেন।

--------------------

কোচবিহারের দিনহাটায় রাতের অন্ধকারে তৃণমূল কংগ্রেসের দলীয় পতাকা জ্বালিয়ে দেওয়ার অভিযোগ বিজেপির বিরুদ্ধে। তৃণমূল কংগ্রেসের অভিযোগ, গতরাতে চৌধুরীহাট গ্রাম পঞ্চায়েতের জায়গির বালা বাড়ি এলাকায় পঞ্চায়েত সদস্যের বাড়ির সামনে ও রাস্তার দু ধারে থাকা দলীয় পতাকা খুলে আগুন ধরিয়ে দেয় বিজেপির লোকজন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় নয়ারহাট তদন্ত কেন্দ্রের পুলিশ। আজ সকালে

দিনহাটার চৌধুরীহাটে এ নিয়ে তুমুল উত্তেজনা ছড়ায়। যদিও বিজেপি, অভিযোগ অস্বীকার করেছে।

এদিকে, কাটমানির প্রতিবাদ করার জন্য মালদার চাঁচোলে এক বিজেপি নেতাকে আক্রমণের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। রাজ্য সরকারের দেওয়া একশো দিনের কাজের টাকা শ্রমিকদের অ্যাকাউন্টে ঢুকতেই স্থানীয় পঞ্চায়েতের অস্থায়ী কর্মী, তৃণমূল কংগ্রেসের বুথ সভাপতি তাপস নুনিয়া কাটমানি দাবি করেন বলে অভিযোগ। প্রতিবাদ জানাতে গিয়ে আক্রান্ত হন পঞ্চায়েতের বিজেপি সদস্যের স্বামী সন্তোষ রায়। তাঁর মাথায় ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয় বলে অভিযোগ। এনিয়ে এলাকায় উত্তোজনা ছড়ায়। চাঁচোল থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে।

---------------------

আমদানি-রপ্তানি ব্যবসায় আর্থিক অনিয়মের তদন্তে ইডি আগামী ২১ শে মার্চ শেখ শাহজাহানের দুই ভাই আলমগীর ও সিরাজুদ্দীনকে সিজিও কমপ্লেক্সে তলব করেছে। শাহজাহান এখন সিবিআই হেফাজতে। গত ৫ই জানুয়ারি সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার তদন্তে সিবিআই-এর তলবে শেখ আলমগীর ও শাহজাহান ঘনিষ্ঠ মাফিজুর মোল্লা আজ নিজাম প্যালেসে হাজির হন।

---------------------

কলকাতা হাইকোর্টে পেশ করার জন্য সন্দেশখালির বাসিন্দাদের অভিযোগ নিতে ন্যাজাট থানার অন্তর্গত আগারহাটি গ্রাম পঞ্চায়েতের ছোট বিটফুল এলাকায়, বিজেপির পক্ষ থেকে আজ এক শিবিরের আয়োজন করা হয়। দলের নেত্রী তথা আইনজীবি প্রিয়াঙ্কা টিব্রেওয়াল জানিয়েছেন, সকাল সাড়ে দশটা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত ক্যাম্প

হয়। প্রায় দেড়শো জন গ্রামবাসী তাদের আইনজীবীদের কাছে আজ অভিযোগ দায়ের করেছেন। আগামীকালও সকাল সাড়ে দশটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ক্যাম্প হবে।

-------------------- --------------------